

আংশিক নয় পুরো মন

কালের কণ্ঠ

ঢাকা, বৃহস্পতিবার, ২০ ফাল্গুন ১৪১৬, ১৭ রবিউল আউয়াল ১৪৩১, ৪ মার্চ ২০১০

ড. ইভাল ব্র্যাক ভার্সিটির হেলথ স্কুলের নতুন ডিন

নিজস্ব প্রতিবেদক- বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাবেক সহকারী মহাপরিচালক ড. টিমোথি জি ইভাল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্কুল অব পাবলিক হেলথের নতুন ডিন হিসেবে নিয়োগ পেয়েছেন। বর্তমানে তিনি আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশে (আইসিডিডিআরবি) কর্মরত। ১ জুলাই থেকে তিনি তাঁর নতুন দায়িত্ব পালন করবেন। বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

এর আগে ড. ইভাল রকফেলার ফাউন্ডেশনে হেলথ ইকুইটি পরিচালক এবং হার্ভার্ড স্কুল অব পাবলিক হেলথের আন্তর্জাতিক স্বাস্থ্য অর্থনীতির সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন। কানাডীয় নাগরিক ড. ইভাল ম্যাকমাস্টার বিশ্ববিদ্যালয় থেকে মেডিক্যাল ডিগ্রি অর্জন করেন এবং ব্রিগহ্যাম ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের মহিলা হাসপাতাল থেকে প্রশিক্ষণ নেন।